গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
অভয়নগর, যশোর।
acl.abhaynagar.gov.bd

স্মারক নং-৩১.৪০.৪১০৪.৫৩৮.৩২.০২৪.২২- ১২৮-(২০) তারিখ: ১৬/০২/২০২২ খ্রি:।

## জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞপ্তি (সংশোধিত)

সরকারি জলমহাল নীতিমালা ২০০৯ এর আওতায় যশোর জেলার অভয়নগর উপজেলাভূক্ত জলমহালটি বাংলা ১৪২৯-১৪৩১ সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতির অনুকূলে ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ১০/০২/২০২২ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ে ইজারা কার্যক্রম সম্পন্ন হবে।

### ইজারা বিজ্ঞপ্তি (প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতির জন্য)

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | জলমহালের নাম ও আয়তন | কাংখিত বার্ষিক ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| অভয়নগর | শ্রীধরপুর<br>(মথুরাপুর ইউনিয়ন ভূমি অফিস) | কামকুল বনগ্রাম পুকুর<br>আয়তন- ২.০৮ একর | ৩৬,৭৫০/- | |

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউল

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ১০ থেকে ১৫ ফাল্গুনের মধ্যে | অনলাইনে আবেদন দাখিল |
| ২ | ১৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৩ | ২৫ ফাল্গুনের মধ্যে | অন লাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪ | ৩০ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনার কমিটির সভায় উপস্থাপন। |
| ৫ | ০৫ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবরে প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৬ | ১০ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহিতাকে অবহিতকরণ |
| ৭ | ১৫ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহিতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান। |
| ৮ | ২৫ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহিতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৯ | ১ বৈশাখ | ইজারা গ্রহিতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি বা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সে সমিতি বা সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন। কোন সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতীত অন্য কোন সদস্য বা কার্যনির্বাহী কমিটিতে এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি হহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।

২। বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্য ২০% ব্যাংক ড্রাফট/পে অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর এর অনুকূলে জামানত হিসাবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লিজ প্রাপ্ত সমিতির শেষ বছরে লিজের মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে।

৩। কাংখিত ইজারা মূল্যের কম মূল্য কোন ভাবেই গ্রহন করা হবে না।

৪। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য,১৫% ভ্যাট এবং ৫% আইটি ১৫ কর্ম দিবসের মধ্যে নির্ধারিত কোডে জমা প্রদান করবেন। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ২৫০/- টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন পূর্বক জলমহালের দখল নির্বাচিত ইজারাদারকে বুঝিয়ে দেওয়া হবে।

৫। আবেদন দাখিলের পূর্বেই সরেজমিন জলমহালের তপশীল, অবস্থান, ও আয়তন যাচাই করে ইজারা কার্যক্রমে অংশ গ্রহন করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহন করা হবে না।

৬। যে সকল মৎস্যজীবি সংগঠন/সমিতি এর নিকট কোন জলমহাল এর অর্থ বকেয়া আছে, সার্টিফিকেট মামলা/ অন্য মামলা রুজু আছে সে সকল সংগঠন/সমিতি দরপত্র কাযক্রমে অংশগ্রহন করতে পারবেন না।

৭। কোন ক্রমেই সাব-লীজ দেওয়া যাবেনা। সাব-লীজ দেওয়া হলে ইজারা বাতিলসহ জমাকৃত সমুদয় অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

৮। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহন করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ শে চৈত্র তারিখে তা শেষ হবে। এই সময়ের মধ্যে কোন কারনে যদি খাস আদায় করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে। ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন পাবেনা।

৯। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথেই সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবী/ অধিকার/স্বত্ব থাকবেনা এবং উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১০। ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। বর্ষা মৌসুমে ইজারাকৃত জলমহাল প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রুপ নিলে ইজারাদার মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের/জলমহালের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

১১। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন/সমিতি এর অনুকূলে সর্বোচ্চ ০২ (দুই) টি জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা যাবে।

১২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ ও ২০১২ (সংশোধিত) সহ ইজারা সংক্রান্ত সকল নীতিমালা/বিধি-বিধান/ পরিপত্র মেনে চলতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত সমুদ্বয় অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১৩। কর্তৃপক্ষ যে কোন/সকল আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই গ্রহণ বা কিংবা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

২৩/০২/২২

মেজবাহ উদ্দীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
অভয়নগর, যশোর।

২৩/০২/2022

স্মারক নং-৩১.৪০.৪১০৪.৫৩৮.৩২.০২৪.২২- ১২৮-(১০)

তারিখ: /০২/২০২২ খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য:-

১। জাতীয় সংসদ সদস্য, যশোর-৪, জাতীয় সংসদ, ঢাকা।

২। জেলা প্রশাসক, যশোর।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, অভয়নগর, যশোর।

৪। মেয়র, নওয়াপাড়া পৌরসভা, অভয়নর, যশোর।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো:-

৫। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা/ উপজেলা সমবায় অফিসার/ উপজেলা সমাজ সেবা অফিসার, অভয়নগর, যশোর।

৬।......................................অফিসার, অভয়নগর, যশোর।

৭। চেয়ারম্যান,.......................................ইউনিয়ন পরিষদ, অভয়নগর, যশোর।

৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মথুরাপুর ইউনিয়ন ভূমি, অভয়নগর, যশোর।

৯। সভাপতি/সম্পাদক.......................................অভয়নগর, যশোর।

১০। নোটিশ বোর্ড।

## সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর পরিশিষ্ট- "ক"

### বদ্ধ সরকারি জলমহাল বন্দোবস্ত/ইজারার আবেদন

১। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি – এর নাম ও ঠিকানা:

২। যে সরকারি জলমহাল বন্দোবস্ত/ ইজারার জন্য আবেদন করা হয়েছে সে জলমহালের নাম:

৩। জলমহালের বিবরণ (তপসীলসহ) : উপজেলা- অভয়নগর, জেলা- যশোর।

| মৌজা | খতিয়ান (আর.এস) | দাগ (আর.এস) | জমির পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| বনগ্রাম | ১ | ১২৮৯ | ২.০৮ একর | |

৪। সংগঠন/সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ:

(রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে)

৫। সংগঠন/সমিতির গঠনতন্ত্র: (সংযুক্ত) হ্যাঁ - না

৬। নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ) এবং সভার কার্যবিবরণী:

(সংযুক্ত) হ্যাঁ - না

৭। সদস্যগনের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাচিত নির্বাহী/কার্যনির্বাহী কমিটির তালিকা (ঠিকানাসহ):

(সংযুক্ত) হ্যাঁ - না

৮। জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা:

(সংযুক্ত) হ্যাঁ - না

৯। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট:

১০। অডিট রিপোট (প্রযোজ্য ক্ষেত্রে)

১১। টি, আই, এন, নম্বর (যদি থাকে):

(উপর্যুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযোজন করতে হবে)

১২। ইতিপূর্বে জলমহাল বন্দোবস্ত নিয়েছে কি না, নিয়ে থাকলে কোন রাজস্ব বকেয়া আছে কি না:

(সংযুক্ত) হ্যাঁ - না

১৩। আবেদনকারী সংগঠন/ সমিতির নামে সার্টিফিকেট মামলা/ অন্য কোন আদালতে মামলা আছে কি না, মামলা থাকলে বর্তমান অবস্থা কি?

১৪। আবেদন ফি (অফেরৎযোগ্য): ৫০০/- (পাঁচশত) টাকা।

পে অর্ডার/ব্যাংক ড্রাফট নং- তারিখ:

(উপজেলা নির্বাহী অফিসার বরাবরে তফসিলি ব্যাংকের পে অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে)

১৫। জামানত (সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী)

পে অর্ডার/ব্যাংক ড্রাফট নং- তারিখ:

(উপজেলা নির্বাহী অফিসার বরাবরে তফসিলি ব্যাংকের পে অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে)

উপরোক্ত বর্ণনা সঠিক ও সত্য। কোন তথ্য ভুল প্রমানত হলে আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যাবে। জলমহালটি আমাদের অনুকূলে বাংলা ................সন থেকে ....................বাংলা সনের জন্য বন্দোবস্ত প্রদানের অনুরোধ করছি।

সংযুক্তি:......................... পাতা।

তানজিলা আখতার
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য- সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
অভয়নগর, যশোর।

আবেদনকারীর স্বাক্ষর নাম ও পদবী